# উল্লাপাড়া উপজেলা পরিষদের নভেম্বর-২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া।

সভার তারিখ ঃ ২১-১১-২০২২ খ্রিঃ । সময় ঃ সকাল ১০.৩০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ" তে সংযুক্ত।

সভাপতি সভায় উপস্থিত উপজেলা পরিষদের মাসিক সভার সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়কে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি

| গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| সাপ্তাহিক বন্ধ ও সরকারি বন্ধ সমন্বয় করে দ্রুততম সময়ের মধ্যে উপজেলা পরিষদ সভাকক্ষ ইনটেরিয়র সজ্জিতকরণের কাজ সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী | উপজেলা পরিষদ সভাকক্ষ ইনটেরিয়র সজ্জিতকরণের কাজ শুরু হয়নি |
| বিদ্যালয় পরিদর্শন প্রতিবেদন নিয়মিত মাসিক সভায় উপস্থাপন নিশ্চিত করতে হবে | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, | বিদ্যালয় পরিদর্শন প্রতিবেদন নিয়মিত মাসিক সভায় উপস্থাপন করা হচ্ছে |
| কৃষি প্রণোদনা কর্মসূচির নীতিমালা ও শর্ত যথাযথভাবে অনুসরণপূর্বক অগ্রাধিকার তালিকা তৈরী ও উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদনপূর্বক উপজেলা সদর হতে উপকরণ বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুমতিক্রমে এবং মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের উপস্থিতিতে ভর্তুকির যন্ত্রপাতি বিতরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা | নীতিমালা ও শর্ত যথাযথভাবে অনুসরণপূর্বক তালিকা প্রস্তুত ও উপকরণ বিতরণ করা হয়েছে |
| শিক্ষার্থীদের শ্রেণি পঠন-পাঠনের বিষয়টি বিবেচনায় এনে গোয়ালজানি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন আধাপাকা ঘরটি বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি ও শিক্ষকগণের সার্বিক সহযোগিতায় নিকটবর্তী স্থানে উত্তোলনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা | গোয়ালজানি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন আধাপাকা ঘরটি বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি ও শিক্ষকগণের সার্বিক সহযোগিতায় নিকটবর্তী স্থানে উত্তোলন করা হয়েছে। |
| উপ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য এর সহযোগিতায় উপজেলার ২৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নিমার্ণকাজ দ্রুত সম্পন্ন করতে সংশ্লিষ্ট ঠিকাদারদের নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য | ওয়াশ ব্লক নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার কোন তথ্য পাওয়া যায়নি |
| ফিডের বিপণন ক্ষেত্রে এন্টিবায়টিক ফিড এ্যাডিটিভ মাত্রাতিরিক্ত ব্যবহার প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হলো। মোহনপুর ইউনিয়নে হাইড্রোজেন পার অক্সাইড মিশ্রিত দুধ বিষয়ে তথ্য সংগ্রহ করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানানো হয়েছে। |
| উপজেলা যুব উন্নয়ন দপ্তর, উপজেলা সমবায় দপ্তর, উপজেলা মহিলা বিষয়ক দপ্তরসহ যেসকল দপ্তরের অধীনে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। সেসকল দপ্তরকে তাদের দপ্তর হতে প্রশিক্ষণ গ্রহণকারীদের তালিকা উপজেলা পরিষদে প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রশিক্ষণ গ্রহণকারীদের ঋণ সুবিধা প্রদানসহ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া কালিগঞ্জ ও এনায়েতপুর আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | প্রশিক্ষণ গ্রহণকারীদের তালিকা উপজেলা পরিষদে প্রেরণ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ জানানো হয়েছে। |

| | | |
|---|---|---|
| জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। | | |
| বিআরডিবি হলরুম মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরসহ উপজেলার যেসকল দপ্তরের ঋণ কার্যক্রম রয়েছে সেসকল দপ্তর হতে ঋণগ্রহীতা নির্বাচনের ক্ষেত্রে উপজেলা যুব উন্নয়ন দপ্তরসহ অন্যান্য দপ্তরের মাধ্যমে প্রশিক্ষিত যুব/যুব মহিলাদের অগ্রাধিকার ভিত্তিতে ঋণ প্রদানের মাধ্যমে তাদের সাবলম্বী করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো। আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের নিয়ে সমিতি গঠনসহ প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | উপজেলা বিআরডিবি হলরুম মেরামত করণের নিমিত্ত পত্র/প্রাক্কলন পাওয়া যায়নি |
| কয়ড়া ইউনিয়নসহ হাটিকুমরুল ও বাঙ্গালা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মান/পুনঃনির্মানের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রাক্কলনসহ প্রস্তাব প্রেরণ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | কয়ড়া ইউনিয়নসহ হাটিকুমরুল ও বাঙ্গালা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মান/পুনঃনির্মানের জন্য পত্র প্রেরণ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে তারা পাম্প ও অন্যান্য পাম্প বিতরণে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। নলকূপ স্থাপনের সময় প্রমাপ অনুযায়ী গভীরতা নিশ্চিত করতে হবে। কোনভাবেই মাটির দোষ- ত্রুটি দেখিয়ে কম গভীরতায় নলকূপ স্থাপন করা যাবে না।<br>বিনায়েকপুর বঙ্গবন্ধু ক্লাবে জনস্বাস্থ্য বিভাগ হতে টিউবওয়েল স্থাপনের জন্য কত ফিট হিসেবে বিল পরিশোধ করা হয়েছে তার তথ্য/নথি আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য | সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রয়োজনে তদন্ত করে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে।<br>বিনায়েকপুর বঙ্গবন্ধু ক্লাবে জনস্বাস্থ্য বিভাগ হতে টিউবওয়েল স্থাপনের জন্য কত ফিট হিসেবে বিল পরিশোধ করা হয়েছে তার তথ্য উপস্থাপন করা হয়নি |
| ২০২২-২০২৩ অর্থ বছরে বিএডিসি দপ্তরের কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে উপজেলা পরিষদের সাথে সমন্বয় করে উপকারভোগী নির্বাচন করতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএডিসি | সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| এনায়েতপুর আশ্রয়ণ প্রকল্পে উপকারভোগীদের সুপেয় পানির সুবিধার্থে টিউবওয়েল স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য | প্রয়োজনীয় সংখ্যক টিউবওয়েল স্থাপনের কাজ করা হয়েছে |
| সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ গ্রহণ নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তা | সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| হাটিকুমরুল ইউনিয়ন পরিষদ মেরামতের জন্য পূর্বের প্রাক্কলন সংশোধন করে ১০,০০,০০০/- টাকার মধ্যে প্রাক্কলন প্রস্তুত করে পুনরায় অনুমোদনের জন্য জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয় বরাবর প্রেরণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী | হাটিকুমরুল ইউনিয়ন পরিষদ মেরামতের জন্য পূর্বের প্রাক্কলন সংশোধনপূর্বক নতুন প্রাক্কলন প্রস্তুত করে পুনরায় অনুমোদনের জন্য জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | অক্টোবর/২০২২ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০২ | গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | অক্টোবর /২০২২ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০৩ | **যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি ঃ**<br><br>২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি কাজের প্রকল্প যাচাই বাছাই শেষে ইউনিয়নের প্রাক্কলন প্রস্তুতের কাজ প্রায় শেষ পর্যায়ে। সাধারণ প্রকল্পগুলো খুব অল্পসময়ের মধ্যে শুরু করা হবে। | প্রাক্কলন প্রস্তুতের কাজ সম্পন্ন করে দ্রুত কাজ শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ০৪ | **জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটি ঃ** | | |

| | | | |
|---|---|---|---|
| | ২০২২-২০২৩ অর্থ বছরের মালামাল এখনও পাওয়া যায়নি। মালামাল প্রাপ্তি সাপেক্ষে গুনগত মান পরীক্ষান্তে কার্যক্রম শুরু করা হবে। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রমাপ অনুযায়ী যথাযথ গভীরতায় বরাদ্দপ্রাপ্ত নলকূপ স্থাপন নিশ্চিত করতে হবে। | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য |
| ০৫ | **মহিলা ও শিশু বিষয়ক কমিটি ঃ**<br>১। ভিডাব্লিউবি কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচন প্রক্রিয়ায় অনলাইনে আবেদনের সময়সীমা ২৫ নভেম্বর, ২০২২ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। পরিপত্র অনুযায়ী ওয়ার্ড কমিটির মাধ্যমে প্রচার ও প্রচারণা চালানোর জন্য সম্মানিত ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>২। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ভাতাভোগী নির্বাচনের জন্য এখন পর্যন্ত নির্দেশনা পাওয়া যায়নি। নির্দেশনা পাওয়া মাত্র ব্যবস্থা গ্রহণ করা হবে। | ভিডাব্লিউবি কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচনে অনলাইনে আবেদনের বিষয়টি মাইকিং এর মাধ্যমে বহুল প্রচার নিশ্চিত করতে হবে | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ০৬ | **তথ্য ও সংস্কৃতি বিষয়ক কমিটি ঃ**<br>কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম ভালভাবে চলছে। ক্যারাতে প্রশিক্ষকদের ভাতা প্রদান বন্ধের নির্দেশনা পাওয়া গেছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য কিশোর কিশোরী নির্বাচনের নির্দেশনা পাওয়া গেছে। | সরকারি নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৭ | **স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কমিটি ঃ**<br>**<u>পরিবার পরিকল্পনা বিভাগ ঃ</u>**<br>স্থায়ী পদ্ধতি গ্রহণে দম্পতিদের উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান আছে। পদ্ধতি ভিত্তিক গ্রহীতা বৃদ্ধির জন্য জনপ্রতিনিধি এবং পরিবারের সদস্যদের নিয়ে পরিবার সম্মেলন সম্পন্ন করা হবে। গর্ভবর্তী তালিকা হালনাগাদ এবং জন্ম নিবন্ধন কার্যক্রম চলমান আছে। | উদ্বুদ্ধমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। শতভাগ জন্ম নিবন্ধন নিশ্চিত করতে গর্ভবতী মায়ের তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| | **<u>স্বাস্থ্য বিভাগ ঃ</u>**<br>টিকা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। টিকা স্বল্পতা থাকায় ৫-১১ বছরের শিক্ষার্থীদের টিকা কার্যক্রম সম্পন্ন হয়নি। সম্প্রতি ডেঙ্গুর প্রাদুর্ভাব বেড়েছে। প্রায় প্রতিনিয়তই হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত রোগী আসছে। হাসপাতাল এলাকায় মশা নিধক স্প্রে করার অনুরোধ জানান। উল্লাপাড়া উপস্বাস্থ্য কেন্দ্র ও বড়পাঙ্গাসী উপস্বাস্থ্য কেন্দ্রের পুরাতন ভবন অপসারণের কার্যক্রম শুরু করা হয়েছে। দ্রুত সম্পন্ন হবে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এলাকায় ডেঙ্গুর প্রাদুর্ভাব কমাতে মশা নিধক স্প্রে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চেয়ারম্যান, পুর্নিমাগাতী ইউপি |
| ০৮ | **সমাজ সেবা বিষয়ক কমিটি ঃ**<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান, মৃত ভাতাভোগীর স্থলে প্রতিস্থাপনের তালিকা ইউনিয়ন কমিটির কার্যবিবরণীসহ সমাজসেবা বিভাগে জমা দেওয়ার জন্য বলা হয়েছিল। এখনও তালিকা পাওয়া যায় নাই। দ্রুত প্রতিস্থাপন তালিকা জমা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | মৃত ভাতাভোগীর স্থলে প্রতিস্থাপনের তালিকা ইউনিয়ন কমিটির কার্যবিবরণীসহ দ্রুত সমাজসেবা অফিসে জমা প্রদান নিশ্চিত করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| | ২। প্রতিবন্ধী ভাতার নতুন বরাদ্দ পাওয়া গেছে। ভাতার জন্য অনলাইনে আবেদনকৃত প্রতিবন্ধীদের নামের তালিকা (ছবিসহ) নভেম্বর, ২০২২ মাসের মধ্যে উপজেলা সমাজ সেবা কার্যালয়ে জমা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনে আবেদনকৃত প্রতিবন্ধীদের নামের তালিকা (ছবিসহ) নভেম্বর, ২০২২ মাসের মধ্যে উপজেলা সমাজ সেবা কার্যালয়ে জমা প্রদান নিশ্চিত করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ০৯ | **মুক্তিযোদ্ধা বিষয়ক কমিটি ঃ**<br>মুক্তিযোদ্ধা ভাতা বিতরণ কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | মুক্তিযোদ্ধা ভাতা বিতরণ সংক্রান্ত যে কোন সমস্যা দ্রুততম সময়ের মধ্যে সমাধান নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, |

| | | | |
|---|---|---|---|
| | বর্তমান এইচএসসি ও সমমানের পরীক্ষা চলমান আছে। এইচ এস সি পরীক্ষা সুষ্ঠু, সুন্দর সুশৃঙ্খল পরিবেশে অনুষ্ঠান নিশ্চিত করতে উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | | কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৫ | **উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া :**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া জানান উপজেলায় সর্বশেষ অনলাইন বদলী নীতিমালা অনুযায়ী ৩৪ (চৌত্রিশ) জন সহকারী শিক্ষকের বদলী ও যোগদান প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। সহকারী শিক্ষকদের সমন্বিত গ্রেডেশন প্রক্রিয়া চলমান আছে। বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম যথানিয়মে চলমান আছে। | বিদ্যালয় পরিদর্শন প্রতিবেদন নিয়মিতভাবে মাসিক সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৬ | **উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া**<br>সভায় উপস্থিত উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া জানান বৃক্ষরোপনে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার, ২০২২ প্রদানের নিমিত্ত আবেদন আহবান করে বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, পাবনা মহোদয়ের দপ্তর হতে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। মোট সাতটি ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হবে। বিজ্ঞপ্তির অনুলিপি সকল কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে প্রদান করা হয়েছে। আগ্রহী কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে বন বিভাগ কার্যালয় অথবা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে আবেদন ফরম সংগ্রহ করে দাখিল করার জন্য অনুরোধ জানাচ্ছি। গত ২০-১১-২০২৩ তারিখ অবৈধ করাত কলের বিরুদ্ধে অভিযান পরিচালিত হয়েছে। মোট ৯০০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। | বৃক্ষরোপনে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার, ২০২২ প্রদানের নিমিত্ত আবেদন দাখিলের বিষয়টি বহুল প্রচার নিশ্চিত করতে হবে। অবৈধ করাত করের বিরুদ্ধে অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া<br>ইউপি চেয়ারম্যানগণ, উল্লাপাড়া |
| | বিভিন্ন সরকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে সরকারি নিয়ম নীতি না মেনে গাছ বিক্রয় করা হচ্ছে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সরকারি গাছ কর্তণের ক্ষেত্রে সরকারি নিয়ম নীতি যথাযথভাবে অনুসরণ করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানান। | সরকারি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করে গাছ কর্তনের ব্যবস্থা গ্রহণ করতে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৭ | **উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া**<br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান উপজেলার মোড়দহ আশ্রয়ণ প্রকল্পের ৯জন সদস্য ঋণ পরিশোধ করেছেন এবং ঋণ গ্রহণের জন্য আবেদন করেছেন। আবেদনপত্রগুলো যাচাই বাছাই পূর্বক ঋণ বিতরণের জন্য আলোচনা করা হয়। সমবায়ীদের আত্মকর্মসংস্থান সৃষ্টিতে ১০০ জন সমবায়ী নিয়ে অবহিতকরন সভা করা হয়েছে। | উপজেলার কালিগঞ্জ আশ্রয়ণ ও এনায়েতপুর আশ্রয়ণে উপজেলার সমবায় দপ্তরের ঋণ কার্যক্রম সহ অন্যান্য কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৮ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br>যুব নীতিমালার আলোকে ১৮-৩৫ বছর বয়সের যুবদের প্রাতিষ্ঠানিক /অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করতঃ গৃহীত প্রকল্পের অনুকূলে (৫% সার্ভিস চার্জ) যুব ঋণ প্রদান করা হয়। অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণার্থীদের দৈনিক ১০০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রদান এবং প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণার্থীদের জেলা যুব প্রশিক্ষণ কেন্দ্রে আবাসিক সুবিধাসহ প্রশিক্ষণের সুব্যবস্থা বিদ্যমান। দেশের বেকার যুবকদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সারা দেশের ন্যায় উল্লাপাড়া উপজেলায় যুব কার্যক্রম অব্যাহত আছে। বাজেট বরাদ্দ সাপেক্ষে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গত পহেলা নভেম্বর, ২০২২ তারিখ এ উপজেলায় যথাযোগ্য মর্যাদায় জাতীয় যুব দিবস, ২০২২ উদ্‌যাপিত হয়েছে। চলতি অর্থ বছরে মোট ৮০ জন বেকার যুবদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান, যুব সনদ বিতরণ ও | উপজেলার কালিগঞ্জ আশ্রয়ণ ও এনায়েতপুর আশ্রয়ণের সুবিধাভোগীদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | প্রশিক্ষিত যুবদের গৃহীত প্রকল্পের অনুকূলে ১৪৬০০০০/- টাকা যুব ঋনের চেক প্রদান করা হয়েছে। | | |
| ১৯ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>২০২২-২০২৩ অর্থ বছরে টিআর এবং কাবিখা ও কাবিটা প্রকল্পের তালিকা প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ২০২২-২০২৩ অর্থ বছরে টিআর এবং কাবিখা ও কাবিটা প্রকল্পের তালিকা দ্রুত জমা প্রদান নিশ্চিত করতে হবে। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের অধীনে বরাদ্দ বিভাজনের ক্ষেত্রে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া এর সাথে সমন্বয় করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ২০ | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উল্লাপাড়া**<br><br>তিনি জানান, অভ্যন্তরীন আমন চাল ও ধান সংগ্রহ ২০২২-২০২৩ উপলক্ষ্যে জেলা প্রশাসক মহোদয়ের সভাপতিত্বে ২০-১১-২০২২ তারিখ জেলা সংগ্রহ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। চলতি আমন চাল ও ধান সংগ্রহ মৌসুমে উল্লাপাড়া উপজেলায় ১২৪০.০০ মেঃ টন চাল এবং ৫৯০.০০ মেঃ টন ধানের বরাদ্দ পাওয়া গেছে। মিলারদের সঙ্গে চাল সংগ্রহের চুক্তির শেষ তারিখ ২৬-১১-২০২২ । প্রতি কেজি চালের সংগ্রহ মূল্য ৪২/- টাকা এবং প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য ২৮/- টাকা। বর্তমানে স্থানীয় খাদ্য গুদামে ২৪৫০ মেঃ টন চাল এবং ৮৭ মেঃ টন গম মজুত আছে। | ধান ও চালের গুনগত মান নিশ্চিত করাসহ সঠিক ওজন নিশ্চিত করে ধান ও চাল সংগ্রহ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উল্লাপাড়া |
| ২১ | **চেয়ারম্যান, সলপ ইউপি**<br>চেয়ারম্যান, সলপ ইউপি বলেন তার ইউনিয়নে জলাবদ্ধতা নিরসনে একাধিক প্রকল্প দাখিল করা হয়েছে। অদ্যাবধি কোন প্রকল্পের কাজ শুরু করা হয়নি। মেরামতের জন্য ২০১৯-২০২০ অর্থ বছরে স্থাপিত সোলার প্যানেলের তালিকা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | সলপ ইউনিয়নে অবস্থিত উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের এ আই যথাযথভাবে রক্ষণাবেক্ষণ ও সচল রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>সলপ ইউনিয়নে নিযুক্ত ফেয়ার প্রাইজের ডিলারের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান, সলপ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উল্লাপাড়া |
| ২২ | **চেয়ারম্যান, উধুনিয়া ইউপি**<br><br>তিনি তার ইউনিয়নে দুটি পুরাতন ইউকলাপটাস গাছ জরুরী ভিত্তিতে কর্তণ করা প্রয়োজন। গাছ বিক্রয়লব্দ অর্থ উপজেলা পরিষদের জমা প্রদানের প্রতিশ্রুতি প্রদান করেন। | গাছ কর্তণের বিষয়ে ইউনিয়ন পরিষদের মাসিক সভায় সিদ্ধান্ত গ্রহণ করে উপজেলা পরিষদে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, উধুনিয়া ইউপি |
| ২৩ | **চেয়ারম্যান, হাটিকুমরুল ইউপি ঃ**<br>তিনি বলেন হাটিকুমরুল ইউনিয়ন হতে প্রতিবন্ধী ভাতার তালিকা দ্রুত প্রেরণ করা হবে। উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর কোন প্রকল্প নেওয়া হচ্ছে না । এ বিষয়ে সদয় দৃষ্টিতে দেখার অনুরোধ জানান। | প্রতিবন্ধী ভাতার তালিকা দ্রুত প্রেরণ নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, উল্লাপাড়া |
| ২৪ | **চেয়ারম্যান,পূর্নিমাগাতী ইউপি, উল্লাপাড়া**<br><br>তিনি বলেন সম্প্রতি তার ইউনিয়নে ডেঙ্গু দেখা দিয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এলাকা মশা নিধক স্প্রে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। মধুপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার কোন রাস্তা নাই। রাস্তা নির্মানের বিষয়টি সদয় বিবেচনার জন্য অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এলাকায় মশা নিধক স্প্রে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২৫ | **চেয়ারম্যান,বড়হর ইউপি, উল্লাপাড়া**<br>তিনি তার ইউনিয়নের ভূতগাছা রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। বড়হর ইউনিয়ন পরিষদ ভবন রং করণ সহ মেরামত করা প্রয়োজন। বড়হর ইউনিয়ন পরিষদ ভবনের পার্শ্বে পুরাতন জীর্ণ একটি টিনের ঘর রয়েছে। ঘরটি নিলামে বিক্রি করার প্রয়োজনীয় ব্যবস্থা | বড়হর ইউনিয়ন পরিষদের পার্শ্বের জীর্ণ ঘরটি নিলামে বিক্রির জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, বড়হর, | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, বড়হর, |

| | | | |
|---|---|---|---|
| | গ্রহনের অনুরোধ জানান। | আহবায়ক<br>প্রধান শিক্ষক, বড়হর সরকারি প্রাথমিক বিদ্যালয়<br>সচিব, বড়হর ইউনিয়ন পরিষদ, উল্লাপাড়া | উল্লাপাড়া |
| ২৬ | **চেয়ারম্যান, বাঙ্গালা ইউপি, উল্লাপাড়া**<br>তিনি পুকুর খননের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া এর নামে মিথ্যা সংবাদ প্রকাশের বিষয়ে তীব্র নিন্দা জ্ঞাপন করেন। উপজেলায় পুকুর খনন বন্ধে উপজেলা নির্বাহী অফিসারের কঠোর অবস্থানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারকে কৃষি জমি রক্ষায় কঠোর অবস্থানে থাকার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>তিনি আরও বলেন প্রতাপ হাটে একটি গাছ ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। দ্রুত ঝুকিপূর্ণ গাছটি নিলামে বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বন কর্মকর্তাকে | সরেজমিনে তদন্ত পূর্বক প্রতাপ হাটের ঝাঁকিপূর্ণ গাছটি নিলামে বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২৭ | **চেয়ারম্যান, দুর্গানগর ইউপি, উল্লাপাড়া**<br>তিনি বলেন তার ইউনিয়নে রাংটিয়া পাকা রাস্তা হতে রাউতান জামতলা পর্যন্ত রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। রাজমান হাটখোলা হতে সাতবিলা পর্যন্ত রাস্তাটি এলাকার একটি অতি গুরুত্বপূর্ণ রাস্তা। রাস্তাটি জরুরী মেরামত করা প্রয়োজন। | | |
| ২৮ | **মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br>তিনি বলেন বিএডিসি সেচ সংযোগের ক্ষেত্রে অনিয়ম পরিলক্ষিত হচ্ছে। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের বরাদ্দ বিভাজনের ক্ষেত্রে উপজেলা পরিষদের জন্য বরাদ্দ রাখার অনুরোধ জানান। রাজমান হাট খোলা থেকে সাতবিলা পর্যন্ত রাস্তাটি দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। উপজেলা মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়গুলোতে ওয়াশব্লক নির্মাণ কাজ দ্রুত শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা কে অনুরোধ জানান। | রাজমান হাট খোলা থেকে সাতবিলা পর্যন্ত রাস্তাটি দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়গুলোতে ওয়াশব্লক নির্মাণ কাজ দ্রুত শুরু করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২৯ | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br>তিনি জানান ২০১৯-২০২০ অর্থ বছরের বরাদ্দে (চতুর্থ পর্যায়ে) অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্প (১) আইএনএফ/৫০৮৮৯৪/২০১৯-২০২০/০৩ মধু রিফাইনারি প্লান্ট স্থাপন, মোহনপুর এর কাজ অনুমোদিত ডিজাইন অনুযায়ী শতভাগ সম্পন্ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স মীম এন্টারপ্রাইজ চূড়ান্ত বিলের জন্য আবেদন জানিয়েছেন। নীট বিলের পরিমান ২৫,১৫,২৩৩/- টাকা আয়কর ও ভ্যাট ২,৯৫,০৮৪/- টাকা সর্বমোট বিল ২৮,১০,৩১৭/- টাকা। | অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্পের চূড়ান্ত বিল ঠিকাদারী প্রতিষ্ঠানকে প্রদান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। বিধি মোতাবেক বিল প্রস্তুত পূর্বক ইউজিডিপি ঢাকা অফিসে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ইউজিডিপি |
| ৩০ | **উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া ঃ**<br>১। উপজেলার সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য পুনরায় অনুরোধ জানান।<br>২। উপজেলা পরিষদের হাট বাজার সংক্রান্ত ক্যাশবহি হালনাগাদ কালে এবং নিরীক্ষাকালে দেখা যায় বাংলা ১৪২৩ সনের হাট বাজার ইজারার সিডিউল বিক্রয়লব্ধ অর্থ বাবদ ২১৭৪০০/- টাকা, বাংলা ১৪২৪ সনে হাট বাজার ইজারার সিডিউল বিক্রয়লব্ধ অর্থ বাবদ ১৮৬০০০/- টাকা, বাংলা ১৪২৫ সনের হাট বাজার ইজারার সিডিউল বিক্রয়লব্ধ অর্থ বাবদ ১৫৪৪০০/- টাকা, বাংলা ১৪২৬ সনে হাট বাজার ইজারার সিডিউল বিক্রয়লব্ধ অর্থ বাবদ ৯৩৭৫/- টাকা এবং বাংলা ১৪২৭ সনে হাট বাজার ইজারার সিডিউল বিক্রয়লব্ধ অর্থ বাবদ ২৩৮৩০০/- টাকা সর্বমোট ৮০৫৪৭৫/- টাকা বিধি মোতাবেক সরকারি কোষাগারে জমা প্রদান না করে হাট বাজার | বিভাগীয় কর্মকর্তাগণ তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করণ নিশ্চিত করবেন।<br><br>২। বিস্তারিত আলোচনান্তে বাংলা ১৪২৩,১৪২৪,১৪২৫,১৪২৬,১৪২৭ সনে হাট বাজার ইজারার সিডিউল বিক্রয়লব্ধ অর্থ হাট বাজার সংক্রান্ত হিসাব হতে উত্তোলন পূর্বক বিধি মোতাবেক সরকারি কোষাগারে সংশ্লিষ্ট কোডে ট্রেজারী চালানে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | বিভাগীয় কর্মকর্তাগণ<br><br>হিসাব সহকারী, ইউএনও অফিস, উল্লাপাড়া |

<table>
<tr>
<td></td>
<td>(৪১%) সংক্রান্ত চলতি হিসাব ১১১/৪৬৩, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, উল্লাপাড়া শাখায় জমা প্রদান করা হয়েছে। বিষয়টি আর্থিক অনিয়ম এবং অডিট আপত্তিযোগ্য বিধায় উক্ত অর্থ বিধি মোতাবেক সরকারি কোষাগারে সংশ্লিষ্ট কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>৩। উল্লাপাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরে ঝিকিড়া মৌজার, জেএল নং- ৯৯, খতিয়ান নম্বর ৪৯৮, দাগ নম্বর ৮৩২ এর ২৯ শতক জমিতে অবস্থিত সানফ্লাওয়ার স্কুলটি উপজেলা প্রশাসন কর্তৃক পরিচালিত হয়ে আসছে। ইতোমধ্যেই উক্ত প্রতিষ্ঠানটি উপজেলার একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে সুনাম অর্জন করেছে। সম্প্রতি স্কুলটি মাধ্যমিক পর্যায়ে উন্নিত করা হয়েছে এবং অষ্টম শ্রেণি পর্যন্ত পাঠদান কার্যক্রম চলমান আছে সেই সঙ্গে এ বছর শিক্ষা মন্ত্রণালয় থেকে স্কুলটিকে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হয়েছে। বর্তমানে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি পাওয়ায় বিদ্যালয়ের ৩০ শতক জমির পাশাপাশি উপজেলা পরিষদের ২৯ শতাংশ ভূমি স্কুলের কাজের ব্যবহারের অনুমতি প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td>
<td>৩। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের ২৯ শতক ভূমি সানফ্লাওয়ার স্কুলকে ব্যবহারের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া</td>
</tr>
<tr>
<td></td>
<td>৪। ইউনিয়ন ভিত্তিক অনিষ্পন্ন আবেদনের তথ্যচিত্র<br>
<table>
<tr><th>ইউনিয়নের নাম</th><th>অনিষ্পন্ন আবেদন</th><th>ইউনিয়নের নাম</th><th>অনিষ্পন্ন আবেদন</th></tr>
<tr><td>রামকৃষ্ণপুর</td><td>৬৬৫</td><td>সলঙ্গা</td><td>৬৬৭</td></tr>
<tr><td>বাঙ্গালা</td><td>১২৭০</td><td>হাটিকুমরুল</td><td>৫৪০</td></tr>
<tr><td>উধুনিয়া</td><td>৭০২</td><td>বড়হর</td><td>৩৩২</td></tr>
<tr><td>বড়পাঙ্গাসী</td><td>১১১৪</td><td>উল্লাপাড়া সদর</td><td>৫৯০</td></tr>
<tr><td>মোহনপুর</td><td>১১৪৩</td><td>পঞ্চক্রোশী</td><td>৩০৮৫</td></tr>
<tr><td>দূর্গানগর</td><td>৪৮৯</td><td>সলপ</td><td>৭৮১</td></tr>
<tr><td>পুর্নিমাগাতী</td><td>৬২৮</td><td>কয়ড়া</td><td>১১২</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td></tr>
</table></td>
<td>৪। প্রতিবেদন দৃষ্টে দেখা যায় পঞ্চক্রোশী, মোহনপুর, বড়পাঙ্গাসী, বাঙ্গালা ইউনিয়নের অধিক সংখ্যাক অনিস্পন্ন আবেদন রয়েছে। দ্রুততম সময়ের মধ্যে উক্ত অনিস্পন্ন আবেদন সম্পন্ন করতে হবে।</td>
<td>সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ সচিব/হিসাব সহকারী</td>
</tr>
<tr>
<td>৩১</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া<br>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া জানান গত অর্থ বছরে যেসকল কাজ শুরু হয়নি সেসকল কাজ দ্রুত শুরু করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। তিনি আরও বলেন উপজেলায় যত্রতত্র কিন্ডার গার্টেন গড়ে উঠেছে। এগুলো যথাযথ বিধি নিয়ম অনুসরণ পূর্বক গড়ে উঠেছে কিনা সে বিষয়ে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানান।</td>
<td>উপজেলার বিভিন্ন স্থানে নতুন সৃষ্ট কিন্ডার গার্টেন স্কুলগুলো যথাযথ নিয়ম নীতি অনুসরণ পূর্বক গড়ে উঠেছে কিনা তা সরেজমিনে তদন্ত করে দেখার সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া</td>
</tr>
<tr>
<td></td>
<td>২। উপজেলা পরিষদের হস্তান্তরিত বিভাগসমূহের বরাদ্দ বিভাজনের ক্ষেত্রে উপজেলা পরিষদের জন্য বরাদ্দ না রাখায় অসন্তোষ প্রকাশ করেন। আগামীতে উপজেলা পরিষদের হস্তান্তরিত বিভাগসমূহের বিভিন্ন বরাদ্দ বিভাজনের ক্ষেত্রে উপজেলা পরিষদের জন্য বরাদ্দ রাখার অনুরোধ জানান।</td>
<td>২। উপজেলা পরিষদের হস্তান্তরিত বিভাগসমূহের বিভিন্ন ধরনের বরাদ্দ বিভাজনের ক্ষেত্রে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, উল্লাপাড়া</td>
</tr>
<tr>
<td></td>
<td>৩। উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অপর দুটি কক্ষে আইপিএস সংযোগের জন্য দুটি পৃথক ক্রয় কমিটি গঠন করে কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে আইপিএস ক্রয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সেই সাথে উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে উপজেলা পল্লী সঞ্চয়ী ব্যাংক, উপজেলা বিআরডিবি মিলনায়তন ডরমেটরির নিরাপত্তাসহ উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে সিসি ক্যামেরা স্থাপনের জন্য কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে সিসি ক্যামেরা স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</td>
<td>৩। বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দুটি আইপিএস ক্রয়ের জন্য ক্রয় কমিটি গঠন করে কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে আইপিএস ক্রয়ের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, উপজেলা বিআরডিবি মিলনায়তন ডরমেটরির নিরাপত্তায় প্রয়োজনীয় সংখ্যক সিসি ক্যামেরা স্থাপন এবং পর্যায়ক্রমে নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে কোটেশন বিজ্ঞপ্তির মাধ্যমে সিসি ক্যামেরা স্থাপনের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উপজেলা পরিষদ, উল্লাপাড়া</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | ৪। তিনি বলেন প্রতিটি দপ্তরের প্রধানগণকে সঠিক সময়ে এবং নিয়মিত অফিসে উপস্থিত থাকা নিশ্চিত করতে হবে। অফিস থেকে কেউ ফিল্ডে গেলে তা মুভমেন্ট ফাইলে লিখে যেতে হবে। কোন কর্মকর্তার জেলা অফিস, অধিদপ্তর বা মন্ত্রণালয়ে কোন ট্রেনিং বা প্রশিক্ষণে থাকলে তা পূর্বেই অবহিতকরণের নিমিত্ত পত্রের একটি কপি উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে প্রেরণ করতে হবে। এছাড়া দাপ্তরিক কাজের পাশাপাশি উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত সরকারি বিভিন্ন দিবসে এবং কর্মকান্ডে আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | ৪। বিস্তারিত আলোচনান্তে সকল বিভাগীয় কর্মকর্তাগণকে যথাসময়ে অফিসে হাজির হওয়া এবং অফিস থেকে চলে যাওয়ার ক্ষেত্রে ও অফিস পরিচালনার ক্ষেত্রে সরকারি বিধি বিধান অনুসরণ করতে হবে। দাপ্তরিক কাজের পাশাপাশি উপজেলা প্রশাসন কর্তৃক সরকারি বিভিন্ন দিবসে এবং কর্মকান্ডে আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। | বিভাগীয় কর্মকর্তা (সকল), উল্লাপাড়া |
| | ৫। উপজেলা পরিষদের আবাসিক ভবনসমূহে এবং ডরমেটরিতে বসবাসকারী কর্মকর্তা/কর্মচারীদের তাদের বাসাভাড়া নিয়মিত পরিশোধ করার জন্য পুনরায় অনুরোধ জানান। সেই সাথে বাসা বরাদ্দ কমিটির সভা নিয়মিত আয়োজন করার জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে অনুরোধ জানান। | ৫। উপজেলা পরিষদের আবাসিক ভবনসমূহে এবং ডরমেটরিতে বসবাসকারী কর্মকর্তা/কর্মচারীরা নিয়মিত তাদের বাসাভাড়া পরিশোধ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারী, উল্লাপাড়া |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

স্মারক নম্বর : ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৬.০০২.২১-১২৯৫ তারিখ : ২১-১১-২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪, উল্লাপাড়া।
২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। অধ্যক্ষ, সরকারি আকবর আলী কলেজ, উল্লাপাড়া।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৭। মেয়র, উল্লাপাড়া পৌরসভা।
৮। উপজেলা --------------------------------------------------------------কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৯। চেয়ারম্যান, -------------------------------------------------------------------------------- উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
১০। অফিস কপি।

২১/১১/২২

(মোঃ উজ্জল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।